# পীরগঞ্জ উপজেলা পরিষদ
# পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
# https://pirganj.thakurgaon.gov.bd

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৬৮

**তারিখ:** ২৯ ভাদ্র ১৪৩১ / ১২ সেপ্টেম্বর ২০২৪

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৪ খ্রি: মাসের মাসিক সভা আগামী ৩০-০৯-২০২৪ খ্রি: তারিখ রোজ- সোমবার, সকাল ১১:৩০ টায় উপজেলা পরিষদ সভা কক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।

২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও

৩। বিবিধ।

১২/০৯/২০২৪

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ : কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ................................................, (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ....................................................................।

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৬৮

**তারিখ:** ২৯ ভাদ্র ১৪৩১ / ১২ সেপ্টেম্বর ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

২। অফিস কপি।

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

## ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর :

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →

৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. →

৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ৩০-০৭-২০২৪
সময়: ১১-৩০ টা।

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর

| ক্র: নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | ডা: মো: আবুল খয়ের – UAFPO | [signature] ৩০.৭.২৪ |
| ০২। | মো: মো: মফিকুল ইসলাম USSO | [signature] ৩০.৭.২৪ |
| ০৩। | লায়লা আরজুমান বেগম উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ০৪। | মো: হাবিবুল হাসান, UEO, পীরগঞ্জ | [signature] |
| ০৫। | মো: মাহিদ সুলতান (ইউ. আর) আনসার ভিডিপি. | [signature] |
| ০৬। | মো: আরিফুল্লাহ, USEO, পীরগঞ্জ | [signature] ৩০/০৭/২৪ |
| ০৭। | এম, এম, জসীম উদ্দিন, UDF-UGDP | [signature] |
| ০৮। | আহমেদ হোসেন উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ০৯। | মো. কামরুজ্জামান [illegible] বন বিভাগ | [signature] |
| ১০। | ডাঃ বরনিডা চন্দ্র সিং, ULO | [signature] |
| ১১। | আলমগীর মো: রুহুল ইসলাম, সহকারী প্রকৌশলী, BMDA | [signature] |
| ১২। | মোছা: মুন্নি আক্তার [illegible], তথ্যকেন্দ্র | [signature] |
| ১৩। | উপজেলা প্রকৌশল কার্যালয় LGED | [signature] |
| ১৪। | ~~পল্লী বিদ্যুৎ সমিতি~~, রুমান ইসলাম, এ.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি | [signature] |
| ১৫। | মো: আব্দুল্লাহ আল মামুন, UAFPO, প.প. অফিস, | [signature] |
| ১৬। | মো: আসাদুজ্জামান, উপজেলা নির্বাচন অফিসার, পীরগঞ্জ | [signature] |
| ১৭। | মির্জা মোহাম্মদ হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ | [signature] |
| ১৮। | মোঃ মেহেদী হাসান, উ. স্বা. জনস্বাস্থ্য প্রকৌশলী, | [signature] |
| ১৯। | মো: রাকিব হোসেন ইউআরডিও, পীরগঞ্জ ঠাকুরগাঁও | [signature] |
| ২০। | মোঃ মিজানুর রহমান P.I.O পীরগঞ্জ | [signature] |
| ২১। | মোঃ আশরাফ আলী প্রাঃ মহিলা বিষয়ক অফিসার, পীরগঞ্জ, | [signature] |

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ রমিজ আলম
প্রশাসক, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ৩০-০৯-২০২৪ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১১:৩০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, গত ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরের উপজেলায় রাজস্ব উন্নয়ন সহায়ক তহবিল (এডিপি) প্রকল্পের আওতায় ০৫ টি প্যাকেজের গৃহিত প্রকল্পের জমাকৃত জামানত সংশ্লিষ্ট ঠিকাদার বরাবর ফেরতের নিমিত্ত প্রকল্প প্যাকেজের নীট ব্যয় ও কর্তণকৃত জামানতের অর্থের বিবরণ নিম্নরুপে উল্লেখ করা হলো :<br>**ক)** ২০২১-২২ অর্থ বছরের গৃহিত প্রকল্পের প্যাকেজ নং THAK/PIR/REV/ADP/2021-22/W-01 এর ০৯ টি প্রকল্পের চূড়ান্ত কাজের ব্যয় বিল ১১,২২,৬৭০/- হওয়ায় কর্তণকৃত ১০% জামানতের পরিমাণ ১,১২,২৬৭/- (এক লক্ষ বার হাজার দুইশত সাতষট্টি টাকা মাত্র) যার ঠিকাদার মোঃ গোলাম রসুল, ঠাকুরগাঁও রোড, ঠাকুরগাঁও।<br>**খ)** ২০২১-২২ অর্থ বছরের গৃহিত প্রকল্পের প্যাকেজ নং THAK/PIR/REV/ADP/2021-22/W-02 এর ০৬ টি প্রকল্পের চূড়ান্ত কাজের ব্যয় বিল ৭,৮৩,৫৫০/- হওয়ায় কর্তণকৃত ১০% জামানতের পরিমাণ ৭৮,৩৭৫/- (আটাত্তর হাজার তিনশত পচাত্তর টাকা মাত্র) যার ঠিকাদার মেসার্স শাহজাহান ট্রেডার্স, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।<br>**গ)** ২০২২-২৩ অর্থ বছরের গৃহিত প্রকল্পের প্যাকেজ নং THAK/PIR/REV/ADP/2022-23/W-01 এর ০২ টি প্রকল্পের চূড়ান্ত কাজের ব্যয় বিল ৩,৮০,০০০/- হওয়ায় কর্তনকৃত ১০% জামানতের পরিমাণ ৩৮,০০০/- (আটত্রিশ হাজার টাকা মাত্র) যার ঠিকাদার রু-আল-রাইফ, সরকার পাড়া, ঠাকুরগাঁও।<br>**ঘ)** ২০২২-২৩ অর্থ বছরের গৃহিত প্রকল্পের প্যাকেজ নং THAK/PIR/REV/ADP/2022-23/W-02 এর ০৬ টি প্রকল্পের চূড়ান্ত কাজের ব্যয় বিল ৯,৯৭,৭৫০/- হওয়ায় কর্তণকৃত ১০% জামানতের পরিমাণ ৯৯,৭৫০/- (নিরানব্বই হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র) যার ঠিকাদার মেসার্স নাহার ট্রের্ডাস, রাণীশংকৈল, ঠাকুরগাঁও।<br>**ঙ)** ২০২২-২৩ অর্থ বছরের গৃহিত প্রকল্পের প্যাকেজ নং THAK/PIR/REV/ADP/2022-23/W-03 এর ০৬ টি প্রকল্প | গত ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরের উপজেলায় রাজস্ব উন্নয়ন সহায়ক তহবিল (এডিপি) প্রকল্পের আওতায় ০৫ টি প্যাকেজের গৃহিত প্রকল্পের জমাকৃত জামানত সংশ্লিষ্ট ঠিকাদার বরাবর ফেরতের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং উপজেলা পরিষদের বিলগুলি বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এর চূড়ান্ত কাজের ব্যয় বিল ১১,২৬,৬৪০/- হওয়ায় কর্তণকৃত ১০% জামানতের পরিমাণ ১,১২,৬৬৪/- (এক লক্ষ লক্ষ বার হাজার ছয়শত চৌষট্টি টাকা মাত্র) যার ঠিকাদার মেসার্স জান্নাত ট্রের্ডাস, শিবগঞ্জ, ঠাকুরগাঁও।<br>উল্লিখিত ০৫ টি প্যাকেজের গৃহিত প্রকল্পের জমাকৃত জামানত রাজস্ব উদ্বৃক্ত উন্নয়ন সহায়ক তহবিল (এডিপি) এর চলতি হিসাব নম্বর ০২০০০০৫৮৬২৩৩০ এ গত ১১ আগস্ট, ২০২৪ তারিখে ব্যাংক স্ট্যাটমেন্ট মোতাবেক নীট টাকার পরিমাণ ৩,৪৫,৪১৬/- (তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার চারশত ষোল টাকা মাত্র) জমা রয়েছে। রাজস্ব উদ্বৃক্ত উন্নয়ন সহায়ক তহবিল (এডিপি) প্রকল্পের আওতায় ০৫ টি প্যাকেজের গৃহিত প্রকল্পের কর্তণকৃত জামানত সর্বমোট = ৪,৪১,০৫৬/- (চার লক্ষ একচল্লিশ হাজার ছাপান্ন টাকা মাত্র)।<br>প্রস্তাবির ০৫ টি প্যাকেজের গৃহিত প্রকল্পের জমাকৃত জামানত সদয় অনুমোদনের জন্য প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। আলোচনায় আরও জানান যে, গত ২০২২-২৩ অর্থ বছরের প্যাকেজ নং THAK/PIR/REV/ADP/2022-23/W-02 এর কর্তণকৃত জামানতের পরিমাণ ৯৯,৭৫০/- (নিরানব্বই হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র) যার ঠিকাদার মেসার্স নাহার ট্রের্ডাস, রাণীশংকৈল, ঠাকুরগাঁও এর অর্থের সংকুলান না হওয়ায় উক্ত প্রকল্পের জামানত বাদ দিয়ে ২০২১-২২ অর্থ বছরের ০২ টি প্যাকেজ এবং ২০২২-২৩ অর্থ বছরের ০২ টি প্যাকেজের মোট কর্তণকৃত জামানত ৩,৪১,৩০৬/- (তিন লক্ষ একচল্লিশ হাজার তিনশত ছয় টাকা মাত্র) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলে চেক ইস্যু করা যেতে পারে।<br>তিনি আরও জানান, উপজেলা পরিষদ ভবনের নিচ তলার উত্তর দিকে ফাঁকা থাকায় জরুরী ভিত্তিতে তা উত্তর দিকে বিদ্যমান গ্রিলের দেয়ালের মতো করে নির্মাণ করা প্রয়োজন। উপজেলা পরিষদের ছায়ানীড় ভবনের পানি উত্তোলনের মটরটি নষ্ট হয়ে যায়। ফলে জরুরী ভিত্তিতে নতুন ০১ টি মটর ক্রয় করে সংযোগ দেওয়া প্রয়োজন। উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবনের বৈদ্যুতিক সুইচ, সুইচবোর্ড ও বাতিগুলো এবং বাথরুমের ও বেসিনের পানির কলগুলো নষ্ট ও অকেজো হয়ে রয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যয়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | | |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৯৬২ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৬,৩২৪ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,৪৪৯ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৬৫ টি, সিজারিয়ান অপারেশন ০০ টি, নবজাতকের মৃত্যু ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৫০৫ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৪৫ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানীর প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সেবার মান বৃদ্ধি করতে হবে। | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ ঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫১,৬০৯ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,৮৭২ জন, (৩) খাবার বড়ি - ২৩,৬০৯ জন (৪) কনডম- ২,২২২ জন (৫) ইনজেকটেবলস্ (ভায়াল)- ৭,৭৮৪ (৬) আইইউডি- ১২ (৭) ইমপ্ল্যানন- ০০ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০২ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৭,৭০১ জন (১১) ডেলিভারী (নতুন)- ১৫ (১২) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.২০% (১৩) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।** |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলায় রবি মৌসুমে ২০২৪-২৫ অর্থ বছররে খরিপ-২ মৌসুমে ফসলের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মাঠ পর্যায়ে কৃষি বিভাগ এর উপসহকারী কৃষি অফিসারগণ উঠান বৈঠক ও লিফলেট বিতরণ এবং পরামর্শ প্রদান করে যাচ্ছে। খরিপ-২ মৌসুমে মাসকালাই ও গ্রীস্মকালীন পেঁয়াজ প্রণোদনা আওতায় পীরগঞ্জ উপজেলায় মাসকালাই ৫০ জন ও গ্রীস্মকালীন পেঁয়াজ ১৩০ জন চাষীর বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে ১৬০ টি গ্রীস্মকালীন পেঁয়াজ চাষীর মধ্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। বাকি মাসকালাই ২৫০ জন ও গ্রীস্মকালীন পেঁয়াজ ১৩০ জন চাষীর বরাদ্দ বিএডিসি হতে বীজ ও সার প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। কৃষক তালিকার কার্যক্রম চলমান আছে। এডিপি হতে উপ-প্রকল্পে রবরাদ্দ নেয়ার অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সার ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা ও মনিটরিং এর লক্ষ্যে উপজেলার সকল কৃষকের মাটির স্বাস্থ্য সুরক্ষা কার্ড প্রদান করা হয়। প্রাথমিক পর্যায়ে ২০,০০০ টি কার্ড ইউনিয়ন পর্য্যায়ে সংশ্লিষ্ঠ উপসহকারী কৃষি আফিসারের মাধ্যমে বিতরণ করা হয়। প্রতি ইউনিয়ণে কার্ড বিতরণ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিম্ন-বর্ণিত কার্যাবলী সম্পাদিত হয়েছে।<br>১। কৃত্রিম প্রজনন কার্যক্রমঃ ১৩৯৪<br>২। গবাদিপশুর টিকা প্রদানঃ ১০০০<br>৩। হাঁস- মুরগির টিকা প্রদানঃ ৩৩০০০<br>৪। গবাদিপশুর চিকিৎসা প্রদানঃ ৩৭০৪<br>৫। হাসঁ- মুরগির চিকিৎসা প্রদানঃ ২০১৬৯<br>৬। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনাঃ ০১<br>৭। খামারী প্রশিক্ষণ প্রদানঃ ৩০<br>৮। উঠান বৈঠকের আয়োজনঃ ০৬<br>৯। খামার/ ফিডমিল/ হ্যাচারী পরিদর্শনঃ ১০<br>২০২৪ সালের মধ্যে বাংলাদেশ থেকে ছাগল ও ভেড়ার পিপিআর রোগ নির্মূলের লক্ষ্যে "পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের" আওতায় আগামী ০১-১০-২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৮/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ছাগল ও ভেড়ার ফ্রি পিপিআর টিকা প্রদান করা হবে। এ ক্যাম্পেইন এর আওতায় | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শতভাগ ছাগল-ভেড়াকে পিপিআর টিকা দেয়া হবে। পীরগঞ্জ উপজেলায় প্রায় ১৪২০০০ ছাগল- ভেড়াকে এ টিকা প্রদান করা হবে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ** | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় শিক্ষাক্রম ২০২২ নতুন পুস্তক মুদ্রণ ও মূল্যায়ন পদ্ধতি সংক্রান্ত জরুরী নির্দেশনা এবং ১০ম শ্রেণির নির্বাচনী পরীক্ষার প্রশ্ন পত্র নিজস্ব ব্যবস্থাপণায় প্রণয়ন পূর্বক যথাসময়ে নেয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে। বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ-২০২৪ নির্দিষ্ট সময়ে অনলাইনের মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করা হয়েছে। ষষ্ঠ থেকে নবম শ্রেণির ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা পরিচালনার জন্য সংক্ষিপ্ত পাঠ্যসূচী অনুসরণ পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিদ্যালয়গুলোর নিয়মিত দৈনিক সমাবেশ, কাব কার্যক্রম, শপথ বাক্য পাঠ, নিয়মিত উপস্থিতি এবং নির্ধারিত সময় পর্যন্ত বিদ্যালয়ে অবস্থান নিশ্চিত করার লক্ষ্যে এবং বিদ্যালয়গুলোর আইন-শৃঙ্খলা ও এলাকার পরিবেশ ভালো রাখার কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৮ | **উপজেলা শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় নিয়মিত ম্যানেজিং কমিটির পরিবর্তে নবগঠিত এডহক কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে। আপাতত কোথাও কোন সমস্যা পাওয়া নাই। বীরহলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দুই জন সহকারী শিক্ষকের মধ্যে ১১-০৯-২০২৪ খ্রি: তারিখে অপ্রীতিকর ঘটনা ঘটে এতে মামলা উদ্ভব হওয়ার সম্ভবনা ছিল। পরবর্তীতে ভুল বুঝাবুঝি বুঝতে পেরে উভয়ই মীমাংসা করেন এবং ভবিষ্যতে এরূপ ঘটনা ঘটবেনা মর্মে অঙ্গীকার করেন। বিদ্যালয়গুলোর নিয়মিত দৈনিক সমাবেশ, কাব কার্যক্রম, শপথ বাক্য পাঠ, নিয়মিত উপস্থিতি এবং নির্ধারিত সময় পর্যন্ত বিদ্যালয়ে অবস্থান নিশ্চিত করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিদ্যালয়গুলোর আইন-শৃঙ্খলা ও এলাকার পরিবেশ ভালো রাখার জন্য বিদ্যালয়ের শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বিদ্যালয় সংশ্লিষ্ট সকলকে বিদ্যালয় পরিদর্শন করার অনুরোধ জানান। | বিদ্যালয়গুলোর নিয়মিত দৈনিক সমাবেশ, কাব কার্যক্রম, শপথ বাক্য পাঠ, নিয়মিত উপস্থিতি এবং নির্ধারিত সময় পর্যন্ত বিদ্যালয়ে অবস্থান নিশ্চিত করার লক্ষ্যে এবং বিদ্যালয়গুলোর আইন-শৃঙ্খলা ও এলাকার পরিবেশ ভালো রাখার কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৯ | **উপজেলা সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ইতোমধ্যে ভাতাভোগীদের Live Verification সম্পন্ন হলেও কিছু কিছু ব্যক্তি অদ্যাবধি অফিসে আসছেন। যা, অতি শীঘ্রই সম্পন্ন হবে। আগামী মাসের ১ম সপ্তাহে ভাতাভোগীদের ভাতা পরিশোধের নিমিত্ত পে রোল প্রেরণ করা হবে। তাই, মৃত ব্যক্তিদের স্থলে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করতে হবে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতার বিষয়ে অনুরোধ জানান। অফিসে প্রতিদিন ২০/২৫ জন প্রতিবন্ধী ব্যক্তিদের আগমন ঘটে। তাদের বসার জন্য কোন ব্যবস্থা নাই। বিষয়টি অমানবিক। সার্বিক জনস্বার্থের বিষয় চিন্তা করে বিশেষ করে বৃদ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের বসার জন্য ০১ টি সেড নির্মণের জন্য অনুরোধ জানান। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, শারদীয় দূর্গা পূজা উপলক্ষ্যে ১১৯ টি পূজা মন্ডপের জন্য ৫৯.৫ মে:টন জি.আর চাল বরাদ্দ পাওয়া গেছে। বিভিন্ন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান অধিকাংশই স্ট্রিট সোলার প্যানেল অকেজো। মেরামত/রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>১। **ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন। সেপ্টেম্বর/২০২৪ মাসের ডিও প্রদান করা হয়েছে এবং খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে।<br>২। **মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৪-২০২৫ অর্থবছরে "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির বরাদ্দ পাওয়া যায় নি।<br>৩। **মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৪%। ২০২২-২০২৩ অর্থবছরে ১০ জন ঋণ গ্রহিতাকে ৪,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%। ২০২৩-২০২৪ অর্থবছরে ০৮ জন ঋণ গ্রহিতাকে ২,৮৫,০০০/-টাকা ঋণ প্রদান করা হয়েছে।<br>৪। **মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে জুলাই/২৪ হতে সেপ্টেম্বর/২৪ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>৫। **কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪র্থ (চতুর্থ) ব্যাচে নতুন ক্লাব সদস্য ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা হারে পুষ্টিকর/ স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে।<br>৬। **উঠান বৈঠক/আলোচনা সভা :** যৌতুক, বাল্যবিবাহ, মানবপাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারি প্রকৌশলী সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।<br>১. ৫ম ধাপে মুজিব-১০০প্রকল্প থেকে ২০ টি অগভীর তারা নলকূপ স্থাপন কাজ এর স্থান নির্বাচন প্রসঙ্গে।<br>২. PSWSC প্রকল্প থেকে ০৯ টি কমিউনিটি বেসড ওয়াটার সাপ্লাই স্কিমের পানির উৎস স্থাপন কাজ এর স্থান নিবার্চন প্রসঙ্গে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>মোটা ঋণ তহবিল</td><td>১৫৬৮৮৮৫০/-</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে ঋণ বিতরণ</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে আদায়</td><td>৩৫৮৯৮০/-</td></tr>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে ঋণীর সংখ্যা</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে আত্নকর্মি</td><td>১২ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬২৭৯২৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য</td><td>১৬০২৭৫৬০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৭৮৮৫৮৫৭/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণীর সংখ্যা</td><td>২৯৫৬৬ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯৮৬৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৮৪৪ জন</td></tr>
</table>
</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td>
<td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫৭.২৩</td><td>-</td><td>১২৬.৪০</td><td>১৪০.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৭২.৭৪</td><td>-</td><td>৬৩.৮৪</td><td>৪৬.১৬</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসাচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৫১.৩২</td><td>-</td><td>২১৩.৩৬</td><td>২০৪.২০</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>উপজেলা বন বিভাগ</td>
<td>উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ খ্রি: অর্থ বছরে ১০ কি:মি: স্ট্রীপ বাগান সৃজনের বরাদ্দ রয়েছে। অবৈধ করাত কলের বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। এ উপজেলায় বন্যপ্রাণী শিখার উদ্ধারসহ টহল কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>এসএফপিসি, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td>
<td>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, বর্তমানে মোট ২৭১ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকুপ ২১৮ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ২০ টি। বিএমডিএ এর সেচের আওতায় আমন ধান ও শাক-সবজিসহ বিভিন্ন ফসল রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ১০,৪৫০ টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় বাস্তবায়নাধিন প্রকল্পটির অন্যান্য কার্যক্রমের মধ্যে চারটি সরকারী পুকুর খননের কাজ চলমান রয়েছে এবং দুইটির কাজ শেষ হয়েছে। জাবরহাট ইউনিয়নের পাঁচটি বিলের জলাবদ্ধতা দূরীকরণ পূর্বক বিলগুলিকে</td>
<td>সরকারি বিধি মোতাবেক অফিস চত্বরে অবস্থিত ০২ (দুই) টি গাছ (মিঞ্জিরি ও শিশু) কর্তণ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td>
<td>১) সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা,<br>২) এসএফপিসি, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | আবাদের আওতায় আনার জন্য প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয় বরাবরে পাঠানো হয়েছে। সহকারী প্রকৌশলী সভায় আরও জানান যে, বিএমডিএ, পীরগঞ্জ অফিস চত্বরে ০২ (দুই) টি গাছ (মিঞ্জিরি ও শিশু) মৃত অবস্থায় দীর্ঘদিন যাবৎ রয়েছে এবং উই পোকা লেগে প্রায় পঁচে গেছে, যা যে কোন সময় ভেঙ্গে গিয়ে অফিসের স্থাপনা (পাশে অবস্থিত মসজিদ ও গুদাম ঘর) ক্ষতি হতে পারে। এমতাবস্থায় মৃত গাছ ০২ (দুই) টি অপসারণ করার বিষয়ে উপজেলা পরিষদের সিদ্ধান্ত প্রয়োজন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি'র এজিএম সভায় জানান যে, নিরাপদ বিদ্যুৎ ব্যবহার। অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার আইন পরিপন্থী ও অনিরাপত্তাই বৈদ্যুতিক দূর্ঘটনা পরিহারের জন্য নিরাপদ বিদ্যুৎ ব্যবহার করি। শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে ৩৩ কেভি ১১ কেভি ও মন্ডপের ট্রান্সফরমারসমূহ রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রাকৃতিক/যান্ত্রিক ত্রুটি/গ্রীড হতে বিদ্যুৎ প্রাপ্তি সাপেক্ষে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতে ব্যবস্থা রাখা হয়েছে। বিকল্পভাবে পূজা মন্ডপে জেনারেটরের ব্যবস্থা রাখার অনুরোধ জানানো হয়। পীরগঞ্জ জোনাল অফিসের আওতায় সকল ধরনের আবেদন গ্রহণ করা হচ্ছে এবং নিয়মানুযায়ী বিদ্যুৎ সংযোগ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২২ | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি অফিসার সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আইসিটি অফিসার, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের ২০২২-২৩ এবং ২০২৩-২০২৪ খ্রি: অর্থ বছরের সমাপ্ত কার্যক্রমের অডিট সম্পন্ন করা হবে। আগামী অক্টোবর ২০২৪ খ্রি: মাসের শেষ দিকে পীরগঞ্জ উপজেলার অডিট টিম অডিট কার্যক্রম পরিচালনা করবেন। তাই, উক্ত বিষয়ে সহযোগিতা করার জন্য উপজেলা প্রকৌশলী এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। | ইউজিডিপি প্রকল্পের ২০২২-২৩ এবং ২০২৩-২০২৪ খ্রি: অর্থ বছরের অডিট বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইউডিএফ পীরগঞ্জ। |
| ২৪ | তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা আপা সভায় জানান যে, মোট ৩৮২ জন সেবা গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ। |

সভাপতি প্রশাসক, উপজেলা পরিষদ সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৯/২০২৪
(মোঃ রমিজ আলম)
প্রশাসক
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৭০(৫০)

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩১ / ৩০ সেপ্টেম্বর ২০২৪

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,.................................................... ।

৩০/০৯/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

### সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | চেয়ারম্যান, ৭ নং হাজীপর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৮ | চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ১১ নং বৈরচূনা ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২১ | উপঃ সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৪ | এসএফপিসি | স্বাক্ষরিত |
| ২৫ | সহকারি প্রকৌশলী, বরেন্দ্র | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২৭ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি এজিএম | স্বাক্ষরিত |
| ২৮ | ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বিভাগ | স্বাক্ষরিত |
| ২৯ | তথ্যসেবা আপা | স্বাক্ষরিত |

**(বিঃদ্রঃ জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

# পীরগঞ্জ উপজেলা পরিষদ

## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

## https://pirganj.thakurgaon.gov.bd

## সভায় অনুপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'খ'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | অনুপস্থিত |
| ২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | অনুপস্থিত |
| ৩ | উপজেলা সমবায় কর্মকর্তা | অনুপস্থিত |
| ৪ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | অনুপস্থিত |
| ৫ | উপজেলা আইসিটি কর্মকর্তা | অনুপস্থিত |

(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)